



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক নং-পনি/মাধ্য/৪৯/০৯

তারিখ : ১৮/০১/২০১৫ খ্রিঃ

কর্তৃপক্ষের নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, এসএসসি পরীক্ষা-২০১৫ এর ফরম পূরণে বোর্ড নির্ধারিত ফি এবং মন্ত্রণালয়ের পরিপত্র নং-শিম/শা: ১১/৩-৯/২০১১/৪০১, তারিখঃ ২০/৬/২০১২ অনুযায়ী অনুমোদিত ফি এর অতিরিক্ত ফি আদায়কারী প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে মহামান্য আদালত স্বপ্রণদিত হয়ে 'অতিরিক্ত ফি আদায় কেন বেআইনী নয়' এ মর্মে সরকারের প্রতি রুল জারি করেছে। বিভিন্ন প্রিন্টমিডিয়া ও ইলেক্ট্রনিক মিডিয়ায় এ সংক্রান্ত অভিযোগের প্রতিবেদন প্রকাশিত ও প্রচারিত হয়েছে। এছাড়া বোর্ডেও এ সংক্রান্ত অভিযোগ জমা পড়েছে।

২০১৫ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণ বাবদ কোন অবস্থাতেই ফিসের অতিরিক্ত কোন ফিস গ্রহণ করা যাবে না মর্মে ২৩/৯/২০১৪ তারিখের বিজ্ঞপ্তিতে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে সতর্ক করা হয়েছে।

মহামান্য বাংলাদেশ সুপ্রিম কোর্ট, হাইকোর্ট বিভাগ (স্পেশাল অরিজিনাল জুরিডিকশন) সুয়েমোটো রুল নং- ২৫/২০১৪- এর আদেশে বলা হয়েছে - "অত্র রুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহ যেখান হইতে এসএসসি পরীক্ষার ফরম পূরণ করত: শিক্ষার্থীরা এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে তাদের থেকে কোন অজুহাতেই তথা কোচিং কিংবা অন্য যাহা কিছুই হোক না কেন ১,৪০০(এক হাজার চারশত) টাকার (বিলম্ব ফি ব্যতিরেকে) অতিরিক্ত ফি আদায় করা যাবে না।

যে সকল বিদ্যালয় সরকারের নির্ধারিত এসএসসি পরীক্ষার ফি তথা আইনত আদায়যোগ্য ফি বহির্ভূত কোন বাড়তি ফি আদায় করিয়াছে, সকল বর্ধিত ফি আগামী ২০/০১/২০১৫ তারিখের মধ্যে সকল শিক্ষার্থীকে ফেরত প্রদান করিবে অন্যথায় ঐ সকল ম্যানেজিং কমিটি বাতিল বলিয়া গণ্য হইবে এবং ঐ সকল ম্যানেজিং কমিটির সদস্যগণ পরবর্তী ৩(তিন) বছরের জন্য কোন ম্যানেজিং কমিটি কিংবা গর্ভনিং বডি নির্বাচনের জন্য অযোগ্য বলে বিবেচিত হইবে।

এমতাবস্থায়, অতিরিক্ত আদায়কৃত সকল ফি (অর্থ) সংশ্লিষ্ট-প্রতিষ্ঠান প্রধানদের আগামী ২০/০১/২০১৫ তারিখের মধ্যে ফেরত দিয়ে বোর্ড কর্তৃপক্ষকে লিখিতভাবে জানানোর নির্দেশ দেয়া হ'ল।

প্রফেসর মুহম্মদ আবু দাউদ  
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৬

মোবা: ০১৭৩৩-২২২০০৩/০১৯১১-২১৩৫২৫

ই-মেইল: Controller@jessoreboard.gov.bd

তারিখ : ১৮/০১/২০১৫ খ্রিঃ

প্রাপক :

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নং-পনি/মাধ্য/৪৯/০৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/নড়াইল/বিনাইদহ/মাগুরা।
- ২। জেলা শিক্ষা অফিসার, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/নড়াইল/বিনাইদহ/মাগুরা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৪। অত্র বোর্ডের সকল কর্মকর্তা।

পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর